



মধ্যপ্রাচ্য উত্তেজনা নিয়ে রাশিয়া-ইরানের উচ্চপর্যায়ের আলোচনা



রুশ পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ ও ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্য পরিস্থিতি ঘিরে রাশিয়া ও ইরানের মধ্যে উচ্চপর্যায়ের আলোচনা অনুষ্ঠিত হয়েছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার পর তৈরি হওয়া সামরিক ও রাজনৈতিক উত্তেজনা নিয়ে ফোনালাপে কথা বলেন রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ এবং ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি।

শুক্রবার (২৭ মার্চ) অনুষ্ঠিত ওই ফোনালাপে দুই পক্ষই সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে বিস্তারিত মতবিনিময় করেন বলে রুশ পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে। আলোচনায় রাশিয়ার পক্ষ থেকে তেহরানে নতুন করে মানবিক সহায়তা পাঠানোর বিষয়ও ইরানকে জানানো হয়।

বিবৃতিতে আরও বলা হয়, সংকট নিরসনে আন্তর্জাতিক আইন মেনে এবং সংশ্লিষ্ট সব পক্ষের স্বার্থ বিবেচনায় নিয়ে রাজনৈতিক ও কূটনৈতিক সমাধানের পথ খুঁজে বের করার বিষয়েও দুই মন্ত্রী আলোচনা করেন।

এর আগে রাশিয়ার জরুরি পরিস্থিতি মন্ত্রণালয় জানায়, প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের নির্দেশে তেহরানে ৩১৩ টন চিকিৎসা সামগ্রী পাঠানো হয়েছে। এটি দ্বিতীয় ধাপে বড় আকারের মানবিক সহায়তা বলে উল্লেখ করা হয়। আজারবাইজানের সহযোগিতায় এই কার্যক্রম সম্পন্ন হয়েছে।

প্রসঙ্গত, ২৮ ফেব্রুয়ারি থেকে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ধারাবাহিক হামলায় ইরানে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে বলে বিভিন্ন সূত্রে দাবি করা হয়। পাল্টা প্রতিক্রিয়ায় ইরানও ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালিয়ে ইসরায়েলসহ জর্ডান, ইরাক এবং উপসাগরীয় অঞ্চলে থাকা মার্কিন সামরিক স্থাপনাগুলোকে লক্ষ্যবস্তু করেছে। এতে হতাহতের পাশাপাশি অবকাঠামোগত ক্ষতির তথ্যও পাওয়া গেছে, যার প্রভাব পড়েছে বৈশ্বিক বাজার ও বিমান চলাচলে।